DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 21 Nov 2026, 06:38 PM

সারাদেশ

পুলিশের ধাওয়ায় পুকুরে গাঁজাভর্তি মাইক্রোবাস, পালালেন চালকসহ অন্যরা

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ব্রাহ্মণবাড়িয়ার কসবায় পুলিশের ধাওয়ার মুখে গাঁজাভর্তি একটি মাইক্রোবাস পুকুরে ফেলে পালিয়ে গেছে অজ্ঞাতনামা ব্যক্তিরা। পরে ওই মাইক্রোবাস থেকে ২৫২ কেজি গাঁজা উদ্ধার করেছে পুলিশ।

শুক্রবার (২৮ আগস্ট) সকাল ৬টা ১০ মিনিটের দিকে কসবা উপজেলার সৈয়দাবাদ এলাকায় এ ঘটনা ঘটে।

পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে কসবা থানার একটি বিশেষ দল সৈয়দাবাদ এলাকায় চেকপোস্ট পরিচালনা করছিল। এ সময় একটি কালো রঙের মাইক্রোবাসকে থামার সংকেত দেওয়া হয়। তবে চালক সংকেত উপেক্ষা করে দ্রুত পালানোর চেষ্টা করেন। একপর্যায়ে মাইক্রোবাসটি নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশে একটি পুকুরে পড়ে যায়। তখন চালকসহ মাইক্রোবাসে থাকা ব্যক্তিরা পালিয়ে যান।

পরে পুলিশ মাইক্রোবাসটিতে তল্লাশি চালিয়ে নয়টি বস্তায় ২৫২ কেজি গাঁজা উদ্ধার করে।

ব্রাহ্মণবাড়িয়া জেলা পুলিশের মিডিয়া উইংয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করা হয়েছে।

এ ঘটনায় কসবা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়েরের প্রক্রিয়া চলছে বলে জানিয়েছে পুলিশ।

এ বিভাগের আরও খবর



টানা বৃষ্টিতে বিপর্যস্ত ঝালকাঠির জনজীবন, দুর্ভোগে শ্রমজীবী মানুষ

টানা তিন থেকে চার দিনের বৃষ্টিতে বিপর্যস্ত হয়ে পড়েছে ঝালকাঠি পৌর শহরের স্বাভাবিক জীবনযাত্রা। একটানা বৃষ্টিতে শহরের বিভিন্ন নিচু এলাকা ও সড়কে...



দুপুরের মধ্যে ঢাকাসহ ১২ জেলায় ঝড়-বৃষ্টির পূর্বাভাস

ঢাকাসহ দেশের ১২ জেলায় দুপুর ১টার মধ্যে ঝড়ো হাওয়া ও বজ্রসহ বৃষ্টির আশঙ্কা রয়েছে। এ সময় ঘণ্টায় সর্বোচ্চ ৬০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যেতে...



কসবায় ট্রাকের চাপায় মোটরসাইকেল আরোহী নিহত, আহত ১

ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ট্রাকের চাপায় মো. আলমগীর (৪৫) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় তাঁর সঙ্গে থাকা আরেক আরোহী মো. সাহাদাৎ গু...



ঝালকাঠিতে দুই বাসের মুখোমুখি সংঘর্ষে হেলপার নিহত, আহত ২০

বরিশাল-কুয়াকাটা মহাসড়কের ঝালকাঠির নলছিটি উপজেলার দপদপিয়া এলাকায় দুটি বাসের মুখোমুখি সংঘর্ষে এক বাসের হেলপার নিহত হয়েছেন। এ ঘটনায় দুই বাসের অ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/pulisher-dhaoyay-pukure-ganjabhrti-maikrobas-palalen-chalksh-onjra